হে আল্লাহর রাসূল! আমার দু’জন প্রতিবেশী আছে। আমি তাদের থেকে কাকে হাদিয়া দিব? তিনি বললেন: তাদের থেকে যার দরজা তোমার অধিক নিকটে তাকে।

আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন: “হে আল্লাহর রাসূল! আমার দু’জন প্রতিবেশী আছে। আমি তাদের থেকে কাকে হাদিয়া দিব? তিনি বললেন: তাদের থেকে যার দরজা তোমার অধিক নিকটে তাকে হাদীয়া দাও।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আয়েশা রাদিয়াল্লাহু আনহা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেন, আমার দু’জন প্রতিবেশী রয়েছে। আমাকে প্রতিবেশীকে সম্মান করতে নির্দেশ করা হয়েছে। অথচ আমি তাদের দু’জনকে এক সঙ্গে হাদিয়া দিতে সক্ষম নই। অতএব আমি তাদের কাকে হাদিয়া দিব, যেন আমি প্রতিবেশীর সম্মানকারীদের অন্তর্ভুক্ত হতে পারি? তিনি বললেন: “তোমার থেকে যার ঘর অতি কাছে তাকেই হাদিয়া দাও।”

https://sunnah.global/hadeeth/bn/show/4250